



# মুক্তাগাছা পৌরসভা কার্যালয়

মুক্তাগাছা, ময়মনসিংহ।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- মুক্তাগাছা পৌর/প্রশাসন/ বাঃশাঃ /২০২০/২০৮

তারিখঃ ১০.০২.২০২০ খ্রীঃ

## হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণ শৌচাগার ইজারা বিজ্ঞপ্তি নং-০২/২০১৯-২০২০

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মুক্তাগাছা পৌরসভাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড়, গণ শৌচাগার বাংলা ১৪২৭ সালের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত মোট ০১ (এক) বৎসরের মেয়াদে ইজারা প্রদানের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে অস্থায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ক্যালেন্ডার এবং সিডিউলে বর্ণিত শর্ত অনুযায়ী সীল মোহরযুক্ত পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

### ইজারা সংক্রান্ত ক্যালেন্ডার

হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড়, গণ শৌচাগার এর বিবরণঃ

ক্রমিক নং	হাট-বাজার, বাস টার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণ শৌচাগার এর নাম	কাজিত সরকারী মূল্য (৬% বৃদ্ধিসহ)	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
১	রাজগঞ্জ (আটানী) বাজার মুক্তাগাছা।	৮৮৮১২১.০০	২৪০০.০০
২	দরিচারী আনী বাজার, মুক্তাগাছা	২৮৬৬৪১.৬৭	১২০০.০০
৩	পুরাতন সাইকেল রিক্সার হাট, মুক্তাগাছা।	২৩৬৪৬৮.৩৩	১২০০.০০
৪	মুক্তাগাছা পৌর বাসটার্মিনাল, মুক্তাগাছা।	১১৩১০২০.০০	৩০০০.০০
৫	আটানী বাজারস্থ কসাইখানা, মুক্তাগাছা	২৮৮০৩.৭৩	৫০০.০০
৬	পাড়াটঙ্গী, সেবাপল্লী সংলগ্ন পৌর খোঁয়াড়, মুক্তাগাছা।	৩৭৯১.২৭	৫০০.০০
৭	রাজগঞ্জ বাজার সংলগ্ন গণশৌচাগার, মুক্তাগাছা	০.০০	৫০০.০০
৮	পৌর পাঠাগার সংলগ্ন গণ শৌচাগার, মুক্তাগাছা।	০.০০	৫০০.০০
৯	দরিচারী আনী বাজার সংলগ্ন গণশৌচাগার, মুক্তাগাছা	--	৫০০.০০

দরপত্র ক্রয়, বিক্রয় ও দাখিলের সময় সূচিঃ

দরপত্র বিজ্ঞপ্তির পর্যায় নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	০৩/০৩/২০২০ খ্রিঃ	০৪/০৩/২০২০ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	০৪/০৩/২০২০ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজনবোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকিবে, তবে কোন পর্যায় যে কোন বা সকল ইজারা দরপত্র অনুমোদিত হইলে পরবর্তী পর্যায় উহার দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত বলিয়া গণ্য হইবে।
২য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	২৩/০৩/২০২০ খ্রিঃ	২৪/০৩/২০২০ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	২৪/০৩/২০২০ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	
৩য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	০৭/০৪/২০২০খ্রিঃ	০৮/০৪/২০২০ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	০৮/০৪/২০২০ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	

দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহণ এবং খোলা সংক্রান্ত তথ্যঃ

দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মুক্তাগাছা গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় মুক্তাগাছা। ঘ) অফিসার ইনচার্জ এর কার্যালয়, মুক্তাগাছা থানা (পুলিশ স্টেশন) ঙ) সোনালী ব্যাংক, মুক্তাগাছা শাখা এবং চ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র সিডিউল গ্রহণের স্থান	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ। গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মুক্তাগাছা ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় মুক্তাগাছা। ঙ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র বাস্তব খোলার স্থান	মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ।

### শর্তাবলী

- ১। দরপত্র দাতাকে তাহার দাখিলকৃত দরের উপর ১০০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে বিডি/পে-অর্ডারের মাধ্যমে “মেয়র, মুক্তাগাছা পৌরসভা” অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হইবে। ইহা ছাড়াও দাখিলকৃত দরের ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ৫% আয়কর বাবদ অর্থ ও ৫% জামানত বাবদ অর্থ একই সাথে বিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা প্রদান করিতে হইবে। জামানত বাবদ ৫% অর্থ সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার, বাসটার্মিনাল কসাইখানা, খোঁয়াড় ও গণ শৌচাগার পরিষ্কার পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হইবে।
- ২। ইজারা কার্যক্রম সমাপ্তির ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুর্ডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।
- ৩। অন্যান্য শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালিন সময়ে অত্র পৌরসভার বাজার শাখা হইতে জানা যাইবে।
- ৪। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে, কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মেয়র শহীদুল ইসলাম  
মেয়র  
মুক্তাগাছা পৌরসভা।